

52 Chambers Street
New York, NY 10007

অক্টোবর 12, 2017

প্রিয় লোয়ার ইস্ট সাইড প্রেপারেটরি হাই স্কুলের পরিবারবর্গ:

আপনারা জানেন, লোয়ার ইস্ট সাইড প্রেপারেটরি হাই স্কুল (01M515) যা লোয়ার ইস্ট সাইড প্রেপ নামে পরিচিত একটি বিদ্যমান ট্রান্সফার হাই স্কুল যেখানে 9-12 গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষাদান করা হয়। লোয়ার ইস্ট সাইড প্রেপ কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 1-এ 145 Stanton Street, New York, NY 10002 ঠিকানায় M025 ভবনে অবস্থিত। M025 ভবনে লোয়ার ইস্ট সাইড প্রেপ গ্লোবাল লিডার্স নামে অভিহিত স্কুল ফর গ্লোবাল লিডার্স (01M378) এবং মার্টা ভেল নামে পরিচিত মার্টা ভেল হাই স্কুলের (01M509) সাথে সহঅবস্থিত। গ্লোবাল লিডার্স একটি বিদ্যমান ডিস্ট্রিক্ট স্কুল যেখানে 6-8 গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষাদান করা হয়। মার্টা ভেল একটি বিদ্যমান হাই স্কুল স্কুল যেখানে 9-12 গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষাদান করা হয়।

“সহ-অবস্থান” বলতে বোঝায় দুটি বা তার অধিক স্কুল প্রতিষ্ঠান একই বিল্ডিংয়ে একসাথে থেকে সেখানকার নিত্য ব্যবহৃত যে জায়গাগুলো আছে সেগুলি ভাগভাগি করে ব্যবহার করবে, যেন

- অডিটরিয়াম;
- জিমনেশিয়াম;
- লাইব্রেরি; এবং
- ক্যাফেটেরিয়া।

এই চিঠির মাধ্যমে আপনাদের অবহিত করা হচ্ছে যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE) 2018-2019 স্কুল বছরে M025 ভবনে 6-8 গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষাদানকারী বিদ্যমান ডিস্ট্রিক্ট 1 স্কুল টেকনলজি, আর্টস অ্যান্ড সায়েন্স স্টুডিওকে (01M301) গ্লোবাল লিডার্সের সাথে একত্রীকরণের প্রস্তাব করেছে। একত্রীকরণের অর্থ হচ্ছে শিক্ষার্থীদের আরও কার্যকরভাবে পরিচালনা ও শিক্ষাদানের উদ্দেশ্যে দুই বা ততোধিক বিদ্যমান স্কুলকে একটি স্কুলে রূপান্তরিত করা। TASS বর্তমানে ডিস্ট্রিক্ট 1 -এ 185 First Avenue, New York, NY 10002 ঠিকানায় M019 ভবনে অবস্থিত।

NYCDOE TASSকে গ্লোবাল লিডার্সের সাথে একত্রীকরণের প্রস্তাব দেওয়ার প্রাথমিক ভিত্তি হচ্ছে দুইটি স্কুল সংগঠন একটিতে রূপান্তরিত হলে উভয় স্কুল কমিউনিটির শিক্ষার্থীরা বাড়তি রিসোর্সের সুবিধা ভোগ করতে সক্ষম হবে। কম শিক্ষার্থী ভর্তি হওয়ার কারণে TASS-এ ব্যাপক অ্যাকাডেমিক ও পাঠক্রম-বহির্ভূত কর্মসূচি প্রদান করা কঠিন হয়ে পড়েছে যা বড় স্কুলগুলোয় দেওয়া সম্ভব হয়।

এই প্রস্তাব অনুমোদিত হলে একত্রিত গ্লোবাল লিডার্সের শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের অ্যাকাডেমিক ও মানোন্নয়নমূলক সুবিধা, হস্তক্ষেপ, এবং অন্যান্য সহায়তা লাভ করবে যা একত্রীকরণের অভাবে TASS-এর পক্ষে আর্থিকভাবে সম্ভব হতো না। একত্রীকরণ প্রতিটি পৃথক স্কুলের শক্তি ও সেবা অনুশীলনগুলিকে একটি বৃহৎ সংগঠনে একীভূত করার সুযোগ দেবে।

যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, TASS ও গ্লোবাল লিডার্স এভাবে একীভূত হবে যে TASS-এর শিক্ষার্থী, কর্মী ও রিসোর্স গ্লোবাল লিডার্সের অংশ হবে, এবং TASS আসন্ন 2018-2019 স্কুলবছর এবং আগামীতে ডিস্ট্রিক্ট স্কুল অপশন হিসেবে কাজ করবে না। একত্রিত গ্লোবাল লিডার্স M025 ভবনে 6-8 গ্রেডের শিক্ষার্থীদের শিক্ষাদান করা অব্যাহ রাখবে। 2018-2019 স্কুলবছর থেকে বর্তমান TASS শিক্ষার্থীদের, যারা হাই স্কুলে যাচ্ছে তাদের ছাড়া, M025 ভবনে শিক্ষাদান করা হবে। যদি এই প্রস্তাব অনুমোদিত হয়, একত্রিত গ্লোবাল লিডার্স মার্টা ভেল ও লোয়ার ইস্ট সাইড প্রেপের সাথে সহঅবস্থান বজায় রাখবে।

এই চিঠির মাধ্যমে একটি শিক্ষা-সংক্রান্ত অভিজ্ঞতা (EIS) বিবৃতির নোটিস ডিওই-র NYCDOEর ওয়েবসাইটে <http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2017-2018/November282017SchoolProposals>

আমরা আপনাকে এই ওয়েবসাইট দেখতে উৎসাহিত করছি কেননা সেখানে গুরুত্বপূর্ণ তারিখসমূহ, এবং নতুন তথ্য পাওয়া মাত্র তা নিয়মিত হালনাগাদ করা হয়ে থাকে। EIS-এর কপি গ্লোবাল লিডার্স, TASS, মার্টা ভেল, লোয়ার ইস্ট সাইড প্রেপ ও পিএস 19 অ্যাশের লেভির মেইন অফিসেও পাওয়া যাবে।

বাস্তবায়নের আগে এই প্রস্তাবটির উপর অবশ্যই প্যানেল ফর এডুকেশন পলিসি (PEP) ভোট করবে এবং অনুমোদন দেবে। আমরা অনুমান করছি PEP এই প্রস্তাবসহ আরো কয়েকটি প্রস্তাবের উপর নভেম্বর 28 2017 সন্ধ্যা 6 টায় লং আইল্যান্ড সিটি হাই স্কুলে অনুষ্ঠিত হবে। লং আইল্যান্ড সিটি হাই স্কুল 14-30 Broadway, Queens, NY 11106 ঠিকানায়।

উক্ত ভোটের আগে, এই প্রস্তাবের উপর দুইটি যৌথ জনশুনানি অনুষ্ঠিত হবে। একটি শুনানি M019 ভবনে নভেম্বর 13 2017 সন্ধ্যা 6টায় এবং অপর শুনানি M025 ভবনে নভেম্বর 20 2017 সন্ধ্যা 6টায় অনুষ্ঠিত হবে।

প্রস্তাব সম্পর্কিত প্রশ্ন যেকোন সময়ে NYCDOEর অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিংয়ে এরিক হার্মানের কাছে 212-374-3466 ফোন নম্বরে অথবা ইমেইলের মাধ্যমে D01proposals@schools.nyc.gov ঠিকানায় পাঠানো যাবে।

এই একত্রীকরণ প্রস্তাব যদি PEPর চূড়ান্ত অনুমোদন লাভ করে, তাহলে সেটি আপনার এবং আপনার সন্তানের(দের) জন্য কী অর্থ বহন করে?

- লোয়ার ইস্ট সাইড প্রেপের শিক্ষার্থীরা M025 ভবনে গ্লোবাল লিডার্স ও মার্টা ভেলের শিক্ষার্থীদের সাথে 2017-2018 স্কুলবছরে ক্লাস করা অব্যাহত রাখবে।
- 2018-2019 স্কুলবছরে লোয়ার ইস্ট সাইড প্রেপের শিক্ষার্থীরা M025 ভবনে একীভূত গ্লোবাল লিডার্স ও মার্টা ভেলের শিক্ষার্থীদের পাশাপাশি স্কুল করবে; এবং
- এই প্রস্তাব M025 ভবনে লোয়ার ইস্ট সাইড প্রেপের এনরোলমেন্ট, ভর্তি বা সার্ভিসে কোনও প্রভাব ফেলবে বলে প্রত্যাশা করা হয় না।

প্রস্তাবের অফিশিয়াল নোটিস ও যৌথ পাবলিক হিয়ারিংয়ের অফিশিয়াল নোটিস সংযুক্ত আছে।

বিশ্বস্ত,



পল রোটানডো

সুপারিনটেনডেন্ট সিটিওয়াইড ট্রান্সফার অ্যান্ড ডিস্ট্রিক্ট 12 হাই স্কুল

সংযুক্তি: প্রস্তাবের নোটিস ও যৌথ পাবলিক হিয়ারিংয়ের নোটিস